

# আমাদের শিক্ষাব্যবস্থায় কুরআন শিক্ষার পথকে কঠিন করা হয়েছে

ইবি সংবাদদাতা

প্রকাশিত: ১৮:১৬, ২৭ জানুয়ারি ২০২৫



লন্ডন আল কুরআন একাডেমির চেয়ারম্যান হাফেজ ড. মুনির উদ্দিন আহমদ বলেছেন, বর্তমানে আমাদের শিক্ষাব্যবস্থায় কুরআন শিক্ষার পথকে কঠিন করা হয়েছে। এই কাঠিন্য পথ থেকে আমাদের উত্তরণ ঘটাতে হবে। আমরা সবাই কুরআন বুঝে পড়বো। এবং প্রতিটি মানুষের মাছে কুরআন পৌঁছে দিবো।

সোমবার (২৭ জানুয়ারি) ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) দুই হাজার শিক্ষার্থীর মাঝে বিনামূল্যে অর্থসহ কুরআন বিতরণ অনুষ্ঠানে প্রধান আলোচকের বক্তব্যে এই কথা বলেন তিনি। এদিন বিকেলে বিশ্ববিদ্যালয় 'দাওয়াহ সোসাইটির' উদ্যোগে ক্যাম্পাসের বাংলা মঞ্চে এ কুরআন বিতরণ কার্যক্রম অনুষ্ঠিত হয়।

হাফেজ ড. মুনির উদ্দিন আহমদ বলেন, বাংলা ভাষাভাষী মানুষের মাত্র সাত ভাগ মানুষ কুরআন বুঝে। বাকী কিছু মানুষ কুরআন পড়ে কিন্তু বুঝে না। তবে অধিকাংশ মানুষের কাছে কুরআনই পৌঁছেনি। অনেক প্রতিষ্ঠান আছে যারা কুরআন পড়ায় এবং শিখায়। কিন্তু কুরআন মানুষের কাছে পৌঁছে দিবে এমন মানুষ বা প্রতিষ্ঠান নাই। আমরা আল কুরআন একাডেমির মাধ্যমে সেই কাজ করে যাচ্ছি। বিশ্বের ২৫টি দেশের প্রায় দুই মিলিয়ন মানুষের কাছে আমরা কুরআন বিতরণ করেছি। আমরা সবার মানুষের কাছে কুরআন পৌঁছে দিতে চাই।

অনুষ্ঠানে সংগঠনটির চেয়ারম্যান মাহমুদুল হাসানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. নকীব মোহাম্মদ নসরুল্লাহ। বিশেষ অতিথি ছিলেন উপ-উপাচার্য ড. এম এয়াকুব আলী ও কোষাধ্যক্ষ ড. মোহাম্মদ জাহাঙ্গীর আলম।

এছাড়াও অনুষ্ঠানে প্রধান আলোচক হিসেবে ছিলেন লন্ডন আল কুরআন একাডেমির চেয়ারম্যান হাফেজ ড. মুনির উদ্দিন আহমদ। আরো উপস্থিত ছিলেন ছাত্র উপদেষ্টা অধ্যাপক ড. ওবায়দুল ইসলাম, প্রক্টর অধ্যাপক ড. শাহিনুজ্জামান এবং ইবি শাখা ছাত্রশিবির সেক্রেটারি ইউসুব আলীসহ শিক্ষার্থীরা।

প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. কুরআন মানুষের হিদায়াতের জন্য নাজিল হয়েছে। কুরআন মানুষকে সত্য পথ দেখাবে। সকল অন্যায্য খারাপ কাজ থেকে দূরে রাখবে। কুরআন নাজিল হয়েছে বুঝার জন্য। আমাদের মুসলমান মুত্তাকী হওয়ার জন্য কুরআন বুঝা অপরিহার্য। কুরআন বুঝা ছাড়া মুত্তাকী হওয়া যাবে না। আমাদের বিশ্ববিদ্যালয় আল কুরআন এন্ড ইসলামিক স্টাডিজ নামে একটি বিভাগ আছে। আমি আশা করি এই বিভাগের শিক্ষক শিক্ষার্থীরা কুরআন শিক্ষা দিবে। কুরআনই একমাত্র কিতাব যেটা মানুষ না বুঝেও পড়ে। এটা কুরআনের প্রতি ভালোবাসা। তোমরা সবাই কুরআন বুঝে পড়বে। এবং সেই অনুযায়ী কাজ করবে।

---